*Trisangam International Refereed Journal (TIRJ)*
***A Double-Blind Peer Reviewed Research Journal on Language, Literature & Culture***
*Volume - v, Issue - iii, Published on July issue 2025, Page No. 516 - 536*
*Website: https://tirj.org.in, Mail ID: info@tirj.org.in*
*(SJIF) Impact Factor 7.998, e ISSN : 2583 - 0848*

# ১৯৬১ থেকে ১৯৮০ পর্যন্ত ধ্বনিমুদ্রণ যন্ত্রে (গ্রামোফোন রেকর্ডে) প্রকাশিত রবীন্দ্রসংগীতের তথ্য সংকলন, সংখ্যাত্মক বিশ্লেষণ এবং তার সামাজিক-সাংস্কৃতিক পর্যবেক্ষণ

সোমঋতা সরকার
Email ID : somreetasarkar123@gmail.com

***Received Date*** *25. 06. 2025*
***Selection Date*** *20. 07. 2025*

***Keyword***
*Rabindranath Tagore, Rabindrasangeet, Tagore Songs, Gramophone records, Archives, History of Music.*

***Abstract***
*Data on Tagore songs or Rabindrasangeet recorded and published in Gramophone records from early 20th century till 1941 have been collated, documented and analysed by multiple researchers. Thus, Tagore songs published in Gramophone records post 1941 need to be documented as the historic performances, thus recorded hence preserved, may be lost otherwise as gramophone records are no longer in vogue due to evolution of technology. The importance of collation of data and documentation of such audio records of performances have been discussed for effective future practice, research, cultivation and cultural conservation of performing arts such as Tagore songs in light of insights and experiences of experts.*

*Recording and publishing of Tagore songs increased substantially in 1961 on account of celebrating the birth centenary of Rabindranath Tagore. The momentum persisted and since then, Tagore Songs gained much popularity. Recording and publishing of Tagore songs in gramophone records increased since 1961 till about 1980 after which the new technology of cassette players gradually took over the market. Thus, to address the aforementioned gap, data on Tagore songs published during 1961-1980 have been collected, validated and collated from the erstwhile producers and marketers of gramophone records, from institutional libraries and from private collections.*

*Observations from the said data of Tagore songs recorded and published in gramophone records during 1961-1980 have been discussed in terms of its socio-cultural indications and musical interpretations.*

## Discussion

### ক. এই গবেষণার প্রয়োজনীয়তা ও উদ্দেশ্য

এই গবেষণার বিষয় নিয়ে আলোচনা এবং অনুসন্ধান শুরু হয় ২০১০ সালে। সে বছর ডিসেম্বর-এর শেষ সপ্তাহে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে চারুকলা-সম্বন্ধীয় গবেষণা প্রকরণ পদ্ধতি (Research Methodology)-বিষয়ক বক্তৃতা মালার

আয়োজন হয়েছিল। সেখানে অধ্যাপক ৺অরুণকুমার বসু প্রমুখ বিদ্বজন আমন্ত্রিত হয়ে নিজেদের গুরুত্বপূর্ণ বক্তব্য পেশ করেছিলেন। সমগ্র আলোচনা এবং বক্তৃতাগুলি উক্ত বিভাগের তৎকালীন প্রধান অধ্যাপক ৺অভিজিৎ রায় মহাশয়-এর তত্ত্বাবধানে দৃশ্য-শ্রাব্য মুদ্রণের (audio-visual recording) মাধ্যমে ধরে রাখা আছে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে। এই বক্তৃতা মালাতে, অধ্যাপক ৺অরুণকুমার বসু বলেছিলেন যে সংগীতের মত performing arts তথা চারুকলা-র সংরক্ষণ বা preservation-এর জন্য বিভিন্ন পূর্বসূরী শিল্পীদের পরিবেশন বা performance তথা শিল্পকর্ম সংগ্রহ করে archiving বা repository তৈরি করা যেমন আবশ্যক, তেমনি শিল্পের চর্চা, গবেষণা ও প্রসার-এর জন্য স্থান, কাল ও শিল্পীর বিভিন্নতায় পরিব্যাপ্ত শিল্পের নানাবিধ প্রকাশ ও পরিবেশন অনুসন্ধান করে, তার তথ্য সংকলন করে তালিকা তৈরী করাটাও এক সুবিশেষ গবেষণা যা অতি আবশ্যক এবং গুরুত্বপূর্ণ হওয়া সত্ত্বেও শ্রম ও সময়সাপেক্ষ হওয়ায় খুব বেশি একটা করা হয়ে ওঠেনা।

প্রসঙ্গত উল্লেখ্য, ইন্দিরা সংগীত-শিক্ষায়তন থেকে শ্রী সুভাষ চৌধুরী কর্তৃক নভেম্বর ১৯৮৯-তে প্রকাশিত "রেকর্ডে রবীন্দ্রসংগীত" শীর্ষক বইটিতে ২৯ এবং ৩০ নং পাতায় গবেষক শ্রী সিদ্ধার্থ ঘোষ সে সময়ে লিখেছেন, "... রবীন্দ্রসংগীতের কোনো কেন্দ্রীয় রেকর্ড লাইব্রেরি বা মহাফেজখানা গড়ে ওঠেনি। রেকর্ড কম্পানিগুলিতেও তাদের নিজস্ব রেকর্ড, এমন-কি রেকর্ড-তালিকা পর্যন্ত সংরক্ষিত হয়নি। ফলে, এই রেকর্ড-তালিকা প্রণয়নে পুরনো ক্যাটালগ ও বিজ্ঞাপন ছাড়াও সংগ্রাহকদের দ্বারস্থ হতে হয়েছে। শ্রীসুকুমার সেন, শ্রীশৈলশেখর মিত্র, শ্রীসুরজলাল মুখোপাধ্যায়, শ্রীবিমান সিংহ, উত্তরপাড়ার লাইব্রেরি ও 'ইন্দিরা'-র সংগ্রহের অমূল্য সব পুরনো রেকর্ড থেকে জানা গেছে নতুন তথ্য। এই তালিকা 'সম্পূর্ণ' বা 'নির্ভুল' নিশ্চয় নয়, কিন্তু তালিকা প্রণয়নের কাজটি এখনই এমন দুরূহ হয়ে উঠেছে যে আশঙ্কা হয় ভবিষ্যতে রবীন্দ্রসংগীতের রেকর্ডের আদিপর্বের একটা পূর্ণ একক সংগ্রহ গড়ে তোলা হয়ত বা অসম্ভব হয়ে পড়বে। এবং সে কাজে যত বিলম্ব ঘটবে তত বৃদ্ধি পাবে লুপ্ত রেকর্ডের সংখ্যা। ... (ঘোষ ২৯-৩০)" এখানে গবেষক শ্রী সিদ্ধার্থ ঘোষ-এর অভিজ্ঞতায় ও ভাষ্যে যেন অধ্যাপক বসু-র উপরিল্লিখিত বক্তব্যই অনুরণিত হয়েছে। একই সাথে প্রকাশ পেয়েছে ধ্বনিমুদ্রণ যন্ত্রে মুদ্রিত রবীন্দ্রসংগীতের তথ্য সংকলন করে তালিকা তৈরির মত গবেষণামূলক কাজের প্রয়োজনীয়তার কথা, এবং প্রযুক্তির দ্রুত বিবর্তনের ফলে ছড়িয়ে ছিটিয়ে থাকা প্রামাণ্য রেকর্ড-এর অপ্রতুলতা এবং অবলুপ্তির দরুন এ ধরনের গবেষণামূলক কাজের অসুবিধার কথা।

২০১০ সালের ডিসেম্বরে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমী সভাগৃহে আয়োজিত "রবীন্দ্রনাথ ও গ্রন্থাগার বিজ্ঞান"-বিষয়ক বক্তৃতামালায় চারুকলা-সম্পর্কিত আলোচনা সত্রে অধ্যাপক ৺অরুণকুমার বসু এই বিষয়টির উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন যে নৃত্য, কণ্ঠগীত, যন্ত্রসঙ্গীত, তালবাদ্য, নাটক (বাচিক ও অন্যান্য) এবং মঞ্চকাব্য ইত্যাদি Performing Arts-এর পরিবেশনাগুলি স্থাপত্য, ভাস্কর্য্য, চিত্রশিল্প, চলচ্চিত্র ইত্যাদি Visual Arts-এর শিল্পকর্মের মত দীর্ঘস্থায়ী হয়ে থেকে যায় না বরং শিল্পী যতক্ষণ সেই নির্মাণ ও রূপদান-এ পরিব্যাপ্ত থাকেন ততক্ষণই শিল্পটির অস্তিত্ব। শিল্পীর দেহকর্ম যেই থেমে যায়, ঘটে চলা শিল্পটিরও পরিসমাপ্তি ঘটে সেই মুহূর্তে। সেই কারণেই ভূতকালে পরিবেশিত performing arts-এর দৃশ্য-শ্রাব্য মুদ্রণ (audio-visual recording) আর কিছু ক্ষেত্রে শুধুই ধ্বনি-মুদ্রণ (audio recording) ভবিষ্যৎকালে গবেষণামূলক বা নিছকই ইতিহাসমূলক (বা অনেক ক্ষেত্রে দুইই) নিদর্শন হিসেবে একধরণের অপরিহার্য মুল্য বহন করে এবং কালের নিয়মে ছড়িয়ে ছিটিয়ে থাকা সেসব শিল্পকর্মের মুদ্রিত নিদর্শন-এর যতদূর-সম্ভব সম্পূর্ণ তালিকা না থাকলে তা সংগঠিত-ভাবে শিল্পচর্চা বা গবেষণার কাজে সুষ্ঠুভাবে এবং তৎপরতার সাথে ব্যবহার করা অসম্ভব। [১]

গতিমান শব্দকে ধ্বনি মুদ্রণের মাধ্যমে ধরে রাখার প্রযুক্তিগত পদ্ধতির আবিস্কার না হলে বিগত দিনের বেশ কিছু শিল্পী ও স্রষ্টার কাজ সম্পর্কে হয়ত বা কিছুই খুব কার্যকরীভাবে জানা যেত না। "রেকর্ডে রবীন্দ্রগান (১৯০৯-১৯৪১)" শীর্ষক বইটিতে গবেষিকা লেখিকা শ্রীমতি জয়তী গঙ্গোপাধ্যায় লিখেছেন, "উনিশ-শতক পর্যন্ত আমাদের দেশে সংগীত সংরক্ষণের অন্য কোনো উপায় না থাকায়, শ্রুতি ও স্মৃতিবাহিত হয়ে পরম্পরাদ্বারা সংগীত রক্ষিত হয়েছিল। পরম্পরাবাহিত সংগীত সবসময় অবিকৃত না থাকার সম্ভাবনাই বেশি থাকে। কিন্তু সেসময় সংগীত সংরক্ষণের আর কোনো উপায় ছিল না। এমনকী সে-সময়ে স্বরলিপি রচনার মাধ্যমেও এ-দেশে সংগীত রক্ষণের প্রচলন ছিল না। এই পদ্ধতিতে সংরক্ষণ করার কথা ভাবা

হয়েছিল উনিশ শতকে বারোয়ারি ছাপাখানা চালু হওয়ার পরে। কিন্তু, বিংশ-শতাব্দীর শ্রাব্য-ইতিহাস আজ আমরা শুনতে পাচ্ছি। ... অবশ্যই রেকর্ডের মাধ্যমে। রেকর্ডের মাধ্যমে সংগীত, কণ্ঠস্বর, ধ্বনি, সুর, মূর্ছনা প্রভৃতি আমরা শুনতে পাই। (গঙ্গোপাধ্যায় ৯)" বলা বাহুল্য যে যাঁরা কিছুদিন আগে পর্যন্ত মঞ্চে এসেছেন অথবা অন্যান্য গণমাধ্যমে অনধিককাল পূর্বেও যাঁরা নিজেদের শিল্পকর্ম পরিবেশন করেছেন – তাঁদের সেসব পরিবেশনার নির্ভুল এবং যথাসম্ভব সম্পূর্ণ তথ্য সংকলন করে তালিকা প্রস্তুত করা অতি প্রয়োজনীয় কারণ তা পরবর্তী প্রজন্মের শিল্পী ও গবেষকদের refer করবার জন্য অপরিহার্য।

উপরুল্লিখিত বক্তব্যের তুলনীয় সুত্রবিন্দু পাওয়া যায় "জানা অজানা মহাফেজখানা" শীর্ষক বইটিতে। "দলিল দস্তাবেজ বাদ দিয়ে" archiving বা সংরক্ষণ-মূলক যেকোনো উদ্যোগ যে বাস্তবে অকার্যকর, তা লেখক পরিষ্কার করে দিয়েছেন বইটিতে ব্যবহারিক এবং প্রাতিষ্ঠানিক নানান উদাহরণ তুলে।[২]

প্রসঙ্গত উল্লেখ্য, স্বর্গীয়া শিল্পী সুমিত্রা সেন-এর জীবনস্মৃতি সমৃদ্ধ "স্মৃতিসুধায়" শীর্ষক বইটির ৮৮ নম্বর পাতা থেকে **১১২** নম্বর পাতা জুড়ে রয়েছে বিভিন্ন বছরে বিভিন্ন মাধ্যমে (গ্রামোফোন রেকর্ড, ক্যাসেট, সিডি ইত্যাদি) প্রকাশিত তাঁর গাওয়া গানের তালিকা।[৩] শিল্পীর জীবন জুড়ে সঙ্গীত চর্চার যে বিস্তার এবং বৈচিত্র্য, তা শিল্পীর সংগীতজীবনের পরবর্তীতে সংগীত-এর ছাত্রছাত্রী, গবেষক, শ্রোতা, শিল্পানুরাগী এবং অন্যান্য শিল্পী প্রভৃতির পক্ষে সার্বিক ভাবে অনুধাবন, চর্চা বা বিশ্লেষণ করা ওই তালিকা ছাড়া দুঃসাধ্য প্রতিভাত হয়।

এই পরিপেক্ষিতে literature survey করে স্পষ্ট হয় যে **১৯৪১** সাল পর্যন্ত গ্রামোফোন রেকর্ডে মুদ্রিত এবং প্রকাশিত রবীন্দ্রসংগীত-গুলি সমীক্ষা করে তার তালিকা প্রকাশ করার একাধিক সফল প্রয়াস হয়েছে ইতিমধ্যে । অতএব, **১৯৪১** সালের পরবর্তী সময়ে ধ্বনিমুদ্রণ যন্ত্রে প্রকাশিত রবীন্দ্রসংগীতের তথ্য সংকলন করে তালিকা তৈরি করা প্রয়োজনীয় ছিল, তা বলাই বাহুল্য। অন্যদিকে, **১৯৬১** সালে রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মশতবার্ষিকী উদযাপনের উপলক্ষ্যে ধ্বনিমুদ্রণ যন্ত্রে রবীন্দ্রসংগীত প্রকাশে জোয়ার আসে এবং তারপর রবীন্দ্রসংগীতের প্রসার ও চাহিদা অনেকটাই বেড়ে যায় (বসু ২২৭-২২৮)। স্বাভাবিকভাবেই এর পরবর্তী সময়ে ৮০-র দশকে ক্যাসেট প্লেয়ার-এর প্রযুক্তি বাজার দখল করা পর্যন্ত, ধ্বনিমুদ্রণ যন্ত্রে অনেক শিল্পীর রবীন্দ্রসংগীত বহু সংখ্যায় প্রকাশ পায়। এই প্রেক্ষাপটে **১৯৬১** থেকে **১৯৮০** পর্যন্ত প্রায় দুই দশকে ধ্বনিমুদ্রণ যন্ত্রে বা গ্রামোফোন রেকর্ডে প্রকাশিত রবীন্দ্রসংগীতের বিভিন্ন গ্রামোফোন রেকর্ড প্রস্তুতকারক সংস্থা ও বিপণীর পুরনো সংগ্রহ ও গুদামঘর, বিভিন্ন প্রাতিষ্ঠানিক সংগ্রহ এবং কিছু বিদ্বজনের ব্যক্তিগত সংগ্রহে অনুসন্ধান করে, তথ্য যাচাই করে, সংকলন করে তালিকা প্রস্তুত করা হল।

গবেষণায় সঙ্কলিত তথ্যের সুদীর্ঘ তালিকার সংক্ষিপ্তসার এই গবেষণাপত্রে তালিকা-**১**, তালিকা-২, লেখচিত্র-**১** এবং লেখচিত্র-২ এর মাধ্যমে তথ্য নিরীক্ষণ ও বিশ্লেষণের স্বার্থে বিশদে উপস্থাপিত হল।

## তালিকা – ১

**এই গবেষণার সময়ে বিভিন্ন প্রাতিষ্ঠানিক গ্রন্থাগার, ব্যক্তিগত সংগ্রহ, এবং গ্রামোফোন রেকর্ড প্রস্তুতকারক সংস্থা ও বিপণীর পুরনো সংগ্রহ ও গুদামঘরে যে সমস্ত ধ্বনিমুদ্রিকায় (Gramophone Record) প্রকাশিত রবীন্দ্রসংগীত এবং তা সম্পর্কিত নথি (documents) ও রক্ষিত তথ্য (archival records) পাওয়া গেছে, তার ভিত্তিতে ১৯৬১ সাল থেকে ১৯৮০ সাল পর্যন্ত বিভিন্ন কণ্ঠশিল্পীরা ধ্বনিমুদ্রিকায় প্রকাশিত যেসব রবীন্দ্রসংগীত-গুলিতে অংশগ্রহণ করেছেন, তার সংখ্যাত্মক সংক্ষিপ্তসার নিচের দীর্ঘ তালিকায় উপস্থাপিত হ'ল।**

| ক্রমিক সংখ্যা (১ – ১৩৭) | শিল্পী | | ১৯৬১ | ১৯৬২ | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ | ১৯৭০ | ১৯৭১ | ১৯৭২ | ১৯৭৩ | ১৯৭৪ | ১৯৭৫ | ১৯৭৬ | ১৯৭৭ | ১৯৭৮ | ১৯৭৯ | ১৯৮০ | সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | অঞ্জলি মুখোপাধ্যায় | মহিলা | | | | | | ২ | | | ৪ | | | | | | | | | | | | ৬ |
| ২ | অদিতি সেনগুপ্ত | মহিলা | | | ২ | | ২ | ২ | | | | | | ২ | | | | ২ | ১ | ১ | | | ১২ |
| ৩ | অনুভা মৈত্র | মহিলা | | | | | | | | | ২ | | | | | | | | | | | | ২ |
| ৪ | অমর পাল | পুরুষ | ২ | | | | | | | | | | | | | | | | | | | | ২ |
| ৫ | অমল নাগ | পুরুষ | ২ | | | | ২ | | | | | | | | | | | | | | | | ৪ |
| ৬ | অমিয়া ঠাকুর | মহিলা | | | | | | | | | | | | | | | | | | | ৩ | | ৩ |
| ৭ | অরবিন্দ বিশ্বাস | পুরুষ | ২ | ৩ | | | | | | | | ১ | ২ | | | | | | | | | | ৮ |
| ৮ | অরুন্ধতি হোম চৌধুরী | মহিলা | | | | | | | | | | | | | | ১ | | | | | | ৪ | ৫ |
| ৯ | অর্ঘ্য সেন | পুরুষ | ২ | | | | ২ | ৩ | | | ১ | | | ২ | | | ২ | ২ | | ৬ | ৪ | ২ | ২৬ |
| ১০ | অশোকতরু বন্দ্যোপাধ্যায় | পুরুষ | ২ | | | | ২ | | ২ | | | | ৩ | | ২ | | | | | ৫ | ৪ | | ২০ |
| ১১ | অসীম সাধু | পুরুষ | | | | | | | | | | | | | | | | | ১ | | | | ১ |
| ১২ | আরতি মুখোপাধ্যায় | মহিলা | | | | | | ১ | ২ | | | | ২ | | | ২ | | | ৮ | | ৬ | | ২১ |

**পরের পাতায় দেখুন**

| ক্রমিক সংখ্যা | শিল্পী | | ১৯৬১ | ১৯৬২ | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ | ১৯৭০ | ১৯৭১ | ১৯৭২ | ১৯৭৩ | ১৯৭৪ | ১৯৭৫ | ১৯৭৬ | ১৯৭৭ | ১৯৭৮ | ১৯৭৯ | ১৯৮০ | সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | আলপনা রায় | মহিলা | ৪ | | ২ | | | | | | | | | | | | | | | | | | ৬ |
| ১৪ | আশা ভোঁসলে | মহিলা | | | | | | | | | ১ | | ১ | | | | | | | | ১ | ৬ | ৯ |
| ১৫ | ইন্দ্রাণী সেন | মহিলা | | | | | | | | | | | | | | | | | ৩ | | | | ৩ |
| ১৬ | ইফফাত আরা দেওয়ান | মহিলা | | | | | | | | | | | | ১ | | | | | | | | | ১ |
| ১৭ | উৎপলা সেন | মহিলা | ২ | ১ | ২ | | | | | | | | | | | | | | | | | | ৫ |
| ১৮ | উমা রুদ্র | মহিলা | ২ | | | | | | | | | | | | | | | | | | | | ২ |
| ১৯ | ঋতু গুহঠাকুরতা / গুহ | মহিলা | ২ | | | | ২ | | | ৪ | ৫ | ৭ | ২ | | ২ | ৪ | ৪ | ৩ | ৬ | ৭ | ৪ | | ৫২ |
| ২০ | কণিকা বন্দ্যোপাধ্যায় | মহিলা | ৫ | ৮ | ২ | ৪ | ২ | ৪ | ৩ | ৪ | ৪ | ৩ | ৫ | ৩ | ১২ | ৯ | ৬ | ১১ | ৮ | ৯ | ১৩ | ১৩ | ১২৮ |
| ২১ | কনক দাশ | মহিলা | | | | | | | | | ৪ | | | ১ | | | | | | | | | ৫ |
| ২২ | কবি মজুমদার | পুরুষ | | | | | | | | ২ | | | ২ | ২ | | | | | ৪ | | | | ১০ |
| ২৩ | কমলা বসু | মহিলা | ১ | | | | | | | | | | ১ | | | | | | | | | | ২ |
| ২৪ | কলিম শরাফি | পুরুষ | | | | | | | | | | | ১ | | | | | | | | | | ১ |
| ২৫ | কল্যাণী ঘোষ | মহিলা | | | | | | | | ২ | ২ | | | | | | | | | | | | ৪ |
| ২৬ | কানন দেবী | মহিলা | | | | | | | | | | ৩ | | | | | | | | | | | ৩ |
| ২৭ | কানাই মুখোপাধ্যায় | পুরুষ | ২ | | | | | | ২ | | | | | | | | | | | | | | ৪ |

| ক্রমিক সংখ্যা | শিল্পী | | ১৯৬১ | ১৯৬২ | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ | ১৯৭০ | ১৯৭১ | ১৯৭২ | ১৯৭৩ | ১৯৭৪ | ১৯৭৫ | ১৯৭৬ | ১৯৭৭ | ১৯৭৮ | ১৯৭৯ | ১৯৮০ | সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৮ | কৃষ্ণা গুহঠাকুরতা | মহিলা | | | | | | | | | | | | | ১ | | ২ | ২ | ২ | ২ | | | ৯ |
| ২৯ | কৃষ্ণা চট্টোপাধ্যায় | মহিলা | ১ | | ১ | | ১ | | | | | | | | | | | | | | | | ৩ |
| ৩০ | কৃষ্ণা সেন | মহিলা | ১ | | | | | | | | | | | | | | | | | | | | ১ |
| ৩১ | কেয়া চৌধুরী | মহিলা | | ২ | | | | | | | | | | | | | | | | | | | ২ |
| ৩২ | গীতা ঘটক | মহিলা | | | | | | | | | | | | | ২ | ২ | ২ | ২ | ২ | ৪ | | | ১৪ |
| ৩৩ | গীতা সেন (নাহা) | মহিলা | ১ | | | | | | ২ | | | | | | | | ২ | | ২ | | | | ৭ |
| ৩৪ | গোরা সর্বাধিকারী | পুরুষ | | | | | | | | | | ১ | | | | ৪ | ১ | ২ | ৫ | ২ | | | ১৫ |
| ৩৫ | গৌতম মিত্র | পুরুষ | | | | | | | | | | | ১ | ১ | ২ | | | ২ | | ৫ | | | ১১ |
| ৩৬ | চিত্তপ্রিয় মুখোপাধ্যায় | পুরুষ | | | | | | | | ১ | ১ | | ২ | | | | | | | | | | ৪ |
| ৩৭ | চিন্ময় চট্টোপাধ্যায় | পুরুষ | ২ | ৪ | ৩ | ২ | ৬ | ৩ | ৮ | ৫ | ১০ | ১৪ | ৮ | ৩ | ২ | ৪ | ২ | ৫ | ৩ | ৪ | ৮ | ৯ | ১০৫ |
| ৩৮ | জগন্ময় মিত্র | পুরুষ | | | | | ২ | | | | | | | | | | | | | | | | ২ |
| ৩৯ | জয়শ্রী ঘোষ | মহিলা | | | | | | | | | | | | | | | | | ৩ | | | | ৩ |
| ৪০ | জ্যোৎস্না বন্দ্যোপাধ্যায় | মহিলা | | | | | | | | | | | | | | | | | ৩ | | | | ৩ |
| ৪১ | তড়িৎ চৌধুরি | পুরুষ | | | | | | | | | | | ১ | | | | | | | | | | ১ |
| ৪২ | তন্ময় চট্টোপাধ্যায় | পুরুষ | | | | | | | | | | | | | | | ১ | | | ১ | | ১ | ৩ |

| ক্রমিক সংখ্যা | শিল্পী | | ১৯৬১ | ১৯৬২ | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ | ১৯৭০ | ১৯৭১ | ১৯৭২ | ১৯৭৩ | ১৯৭৪ | ১৯৭৫ | ১৯৭৬ | ১৯৭৭ | ১৯৭৮ | ১৯৭৯ | ১৯৮০ | সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪৩ | তরুণ বন্দ্যোপাধ্যায় | পুরুষ | ২ | ১ | | | | | | | | ১ | | | | | | | | | | | **৪** |
| ৪৪ | দিনেন্দ্রনাথ ঠাকুর | পুরুষ | | | | | | | | | | | ৪ | | | | | | | | | | **৪** |
| ৪৫ | দীপঙ্কর চট্টোপাধ্যায় | পুরুষ | | | | | | | | | ১ | ১ | | | | | | | | | | | **২** |
| ৪৬ | দেবব্রত বিশ্বাস | পুরুষ | ৪ | ১০ | ৬ | ৬ | ৬ | ৬ | ১৮ | ১৮ | ১৯ | ৫ | ৬ | ২ | ১ | ১০ | ৪ | ৫ | ১৬ | ২২ | ১০ | | **১৭৪** |
| ৪৭ | দ্বিজেন মুখোপাধ্যায় | পুরুষ | ৬ | ২ | ২ | ১৩ | ২ | ২ | ২ | ১ | ৩ | ২ | ৩ | ৩ | ১ | ৩ | ৮ | ৪ | ৩ | ৩ | ১ | ৯ | **৭৩** |
| ৪৮ | ধনঞ্জয় ভট্টাচার্য | পুরুষ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | **১** |
| ৪৯ | ধীরা বন্দ্যোপাধ্যায় | মহিলা | | ১ | | ২ | | | | | | | | | | ১ | | | | | | | **৪** |
| ৫০ | ধীরেন বসু | পুরুষ | | ১ | | | | ২ | ১ | ১ | | | | | | | | | | | | | **৫** |
| ৫১ | নন্দাপুরী | মহিলা | | | | | | | | | | | | | | ১ | | | | | | | **১** |
| ৫২ | নমিতা ঘোষাল | মহিলা | | | | | | | | | | | | | | ১ | | ১ | ২ | | | | **৪** |
| ৫৩ | নীলিমা সেন | মহিলা | ২ | | | | ২ | | | ২ | | ১ | ৪ | ৩ | ৪ | ৫ | ৫ | ৩ | ৮ | ১০ | | | **৪৯** |
| ৫৪ | পঙ্কজ কুমার মল্লিক | পুরুষ | ৪ | ১ | | | | ১ | | | | ২ | | | | | | | | ৩ | | | **১১** |
| ৫৫ | পদ্মিনী দাশগুপ্ত | মহিলা | | | | | | | | | | | | ২ | | | | | | | | | **২** |
| ৫৬ | পূরবী দত্ত | মহিলা | | | | ২ | | | | | | | | | | | | | | | | | **২** |
| ৫৭ | পূরবী মুখোপাধ্যায় | মহিলা | ৪ | ২ | ৩ | | ৬ | ৪ | | | ২ | ৩ | ২ | | | ২ | ১ | ২ | ৩ | ১ | | | **৩৫** |

| ক্রমিক সংখ্যা | শিল্পী | | ১৯৬১ | ১৯৬২ | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ | ১৯৭০ | ১৯৭১ | ১৯৭২ | ১৯৭৩ | ১৯৭৪ | ১৯৭৫ | ১৯৭৬ | ১৯৭৭ | ১৯৭৮ | ১৯৭৯ | ১৯৮০ | সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫৮ | পূর্বা দাম | মহিলা | | | | | ১ | ১ | | | ২ | | | ১ | ১ | | ১ | ২ | ১ | ২ | | | ১২ |
| ৫৯ | প্রতিমা বন্দ্যোপাধ্যায় | মহিলা | | | | | | | | ২ | | ১ | | | | ১ | | | | | | | ৪ |
| ৬০ | প্রতিমা মুখোপাধ্যায় | মহিলা | ২ | | | | ১ | | | | ১ | ১ | | | | ২ | ২ | ২ | ২ | ১ | | | ১৪ |
| ৬১ | প্রসাদ সেন | পুরুষ | | | | | | | | ২ | | | | ২ | | | | | | | | | ৪ |
| ৬২ | প্রসূন দাশগুপ্ত | পুরুষ | | ১ | | | | | | | | | ২ | | | | | | | | | | ৩ |
| ৬৩ | প্রসূন বন্দ্যোপাধ্যায় | পুরুষ | | | | | | | | | | ১ | | | | | | | | | | | ১ |
| ৬৪ | বনানী ঘোষ | মহিলা | ২ | ২ | | | | | | | ১ | ১ | | | ১ | | ১ | | ২ | ১ | ২ | | ১৩ |
| ৬৫ | বন্দনা সিংহ | মহিলা | ২ | | | | | | | ১ | | | | | | | | | ৩ | | | | ৬ |
| ৬৬ | বাণী ঠাকুর | মহিলা | | | ২ | | | | | | | | | ১ | ১ | | ২ | | ৪ | ৪ | | ১ | ১৫ |
| ৬৭ | বাসবী নন্দী | মহিলা | ২ | ১ | | | | | | | | | | | | | | | | | | | ৩ |
| ৬৮ | বিজয়া চৌধুরি | মহিলা | | | | | ২ | | ২ | | | | | ১ | | ২ | | | ২ | ২ | | ৪ | ১৫ |
| ৬৯ | বীথিন বন্দ্যোপাধ্যায় | পুরুষ | | | | | | | | | | | | | ১ | ১ | ২ | ২ | ২ | | | | ৮ |
| ৭০ | বীরেন চট্টোপাধ্যায় | পুরুষ | | | | | | | | | | | ২ | | | | | | | | | | ২ |
| ৭১ | বুলবুল সেন | মহিলা | | | | | | | | | | | | ১ | | | | | | | | | ১ |
| ৭২ | বেলা মুখোপাধ্যায় | মহিলা | | | | | | | | | | | | | | | | | ২ | | | | ২ |

| ক্রমিক সংখ্যা | শিল্পী | | ১৯৬১ | ১৯৬২ | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ | ১৯৭০ | ১৯৭১ | ১৯৭২ | ১৯৭৩ | ১৯৭৪ | ১৯৭৫ | ১৯৭৬ | ১৯৭৭ | ১৯৭৮ | ১৯৭৯ | ১৯৮০ | সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৭৩ | মঞ্জরী লাল | মহিলা | | | | | | | | | | | | ১ | | | ১ | | | | | | **২** |
| ৭৪ | মঞ্জু গুপ্ত | মহিলা | ২ | ১ | | ২ | | | | | | | | | | | | | | | | | **৫** |
| ৭৫ | মঞ্জু বন্দ্যোপাধ্যায় | মহিলা | | | | | | | | | | | | ১ | | ১ | | ১ | | | | | **৩** |
| ৭৬ | মঞ্জুলা গুহঠাকুরতা | মহিলা | ২ | | ২ | | ১ | | | | | | | | | | | | | | | | **৫** |
| ৭৭ | মনু সেন | পুরুষ | ২ | | | | | | | | | | | | | | | | | | | | **২** |
| ৭৮ | মানবেন্দ্র মুখোপাধ্যায় | পুরুষ | | | ২ | | | | | | | | | | | | | | | | | | **২** |
| ৭৯ | মানসী বসু | মহিলা | | | | | ২ | | | | | | | | | | | | | | | | **২** |
| ৮০ | মান্না দে | পুরুষ | | | | | | | | | ৪ | ১ | ২ | | | | | | | | | | **৭** |
| ৮১ | মায়া সেন | মহিলা | | | | | | | | | ২ | ২ | ২ | | ৪ | | ৪ | ১ | ৪ | ৪ | ৪ | | **২৭** |
| ৮২ | মালতী ঘোষাল | মহিলা | | | | | | | | | ৪ | | | | | | | | | | ১ | | **৫** |
| ৮৩ | মিন্টু দাশগুপ্ত | পুরুষ | ২ | | | | | | | | | | | | | | | | | | | | **২** |
| ৮৪ | মৃণাল চক্রবর্তী | পুরুষ | | | | | ২ | | | | | | | | | | | | | | | | **২** |
| ৮৫ | মেখলা দাশগুপ্ত | মহিলা | | | | | | | | | | | | | | ২ | | | | | | | **২** |
| ৮৬ | মেনকা ঠাকুর | মহিলা | | | | | | | | | | | | | | | | | | | ১ | | **১** |
| ৮৭ | রঞ্জন বোরা | পুরুষ | | | | | | | | | | | | | | | | | | | ৪ | | **৪** |

| ক্রমিক সংখ্যা | শিল্পী | | ১৯৬১ | ১৯৬২ | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ | ১৯৭০ | ১৯৭১ | ১৯৭২ | ১৯৭৩ | ১৯৭৪ | ১৯৭৫ | ১৯৭৬ | ১৯৭৭ | ১৯৭৮ | ১৯৭৯ | ১৯৮০ | সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৮৮ | রণো গুহঠাকুরতা | পুরুষ | | | | | | | | | | | | | ১ | | ১ | ২ | | ৬ | | | ১০ |
| ৮৯ | রতিশ রায় | পুরুষ | | | | | | | | | | | ২ | | | | | | | | | | ২ |
| ৯০ | রমেশ বন্দ্যোপাধ্যায় | পুরুষ | ২ | | | | | | | | | | | | | | | | | | | | ২ |
| ৯১ | রাজেশ্বরী দত্ত | মহিলা | ৩ | ২ | | ২ | | ২ | | | | ৩ | | | | | | | ৯ | | ১ | | ২২ |
| ৯২ | রাণু মুখোপাধ্যায় | মহিলা | | | | | | | | | | | | | | | | | ২ | | | | ২ |
| ৯৩ | রামানুজ দাশগুপ্ত | পুরুষ | | | | | | | | | | | | | ১ | ১ | | | | | | | ২ |
| ৯৪ | রিনি চৌধুরী | মহিলা | ২ | ২ | | | | | | | | | | | | | | | ৪ | | | | ৮ |
| ৯৫ | রুনা মতিলাল | মহিলা | | | | | | | | | | | | | | | | | ২ | | | | ২ |
| ৯৬ | রুমা গুহঠাকুরতা | মহিলা | | | | | | | | | | | | | | ১ | | | | | | | ১ |
| ৯৭ | রেণুকা দাশগুপ্ত | মহিলা | | | | | | | | | ২ | | | | | | | | | | | | ২ |
| ৯৮ | লতা মঙ্গেশকর | মহিলা | | | | | | | | | | | ১ | | | | | | | | | | ১ |
| ৯৯ | শর্মিলা রায় | মহিলা | | | | | | | | | | | | | | ২ | | | | | | | ২ |
| ১০০ | শান্তিদেব ঘোষ | পুরুষ | ২ | ২ | | | ২ | ২ | ২ | ২ | | | | | | | | | | ১২ | ১২ | ১৮ | ৫৪ |
| ১০১ | শিবানী রায় চৌধুরী | মহিলা | | | | | | | ২ | | | | | | | | | | | | | | ২ |
| ১০২ | শৈলেন দাস | পুরুষ | | | | | | ৪ | ১ | ১ | | | | | | | | ১ | ২ | | | ৩ | ১২ |

| ক্রমিক সংখ্যা | শিল্পী | | ১৯৬১ | ১৯৬২ | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ | ১৯৭০ | ১৯৭১ | ১৯৭২ | ১৯৭৩ | ১৯৭৪ | ১৯৭৫ | ১৯৭৬ | ১৯৭৭ | ১৯৭৮ | ১৯৭৯ | ১৯৮০ | সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১০৩ | শৈলেন মুখোপাধ্যায় | পুরুষ | ২ | ১ | | | | ২ | | | | | | | | | | ১ | | | | | ৬ |
| ১০৪ | শোভা রায় | মহিলা | | | | | | | ২ | | | | | | | | | | | | | | ২ |
| ১০৫ | শ্যামল গুহ | পুরুষ | | | ২ | | | | | | | | | | | | | | | | | | ২ |
| ১০৬ | শ্যামল মিত্র | পুরুষ | ৪ | | | ১ | ৪ | | ১ | ৪ | ২ | ৪ | ২ | ৫ | | | | | | | | | ২৭ |
| ১০৭ | শ্রীকুমার চট্টোপাধ্যায় | পুরুষ | | | | | | | | | | | ২ | | | | | ১ | ১ | ২ | | ১ | ৭ |
| ১০৮ | শ্রীপর্ণা ঘোষ (ভট্টাচার্য্য) | মহিলা | | | | ১ | | | | | | | | | | | | | | | | | ১ |
| ১০৯ | শ্রীলা সেন | মহিলা | ২ | | ২ | ২ | ২ | | | | | | | | | | ২ | ২ | | | | | ১২ |
| ১১০ | সংঘমিত্রা গুপ্ত | মহিলা | | | | | | | | | | | | | | | | | | ৬ | ৩ | ২ | ১১ |
| ১১১ | সতী দেবী | মহিলা | | | | | | | | | ২ | | | | | | | | | | | | ২ |
| ১১২ | সন্তোষ সেনগুপ্ত | পুরুষ | | | | | | | | | | ৪ | | | | | | | | | | | ৪ |
| ১১৩ | সন্ধ্যা মুখোপাধ্যায় | মহিলা | ২ | | | ১ | | | | ১ | ১ | ১ | ২ | | | | | | | | | | ৮ |
| ১১৪ | সমবেত | - | ৩ | ২ | ১ | | ১ | ১ | ২ | | | ২ | | ২ | | ১ | | | | ৭ | ৪ | ৫ | ৩১ |
| ১১৫ | সমরেশ রায় | পুরুষ | | | ১ | | | | | | | | | | | | | | | | | | ১ |
| ১১৬ | সাগর সেন | পুরুষ | ২ | | | | | ২ | ২ | ৪ | ২ | ১ | ৬ | ৪ | ২ | ১৩ | ৫ | ৪ | ৬ | ৮ | ৬ | ৭ | ৭৪ |
| ১১৭ | সাহানা দেবী | মহিলা | | | | | | | | | ৪ | | | | | | | | | | | | ৪ |

| ক্রমিক সংখ্যা | শিল্পী | | ১৯৬১ | ১৯৬২ | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ | ১৯৭০ | ১৯৭১ | ১৯৭২ | ১৯৭৩ | ১৯৭৪ | ১৯৭৫ | ১৯৭৬ | ১৯৭৭ | ১৯৭৮ | ১৯৭৯ | ১৯৮০ | সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১১৮ | সুচিত্রা মিত্র | মহিলা | ৬ | ৫ | ৩ | ৯ | ৪ | ২ | ৩ | ৫ | ৫ | ৬ | ৫ | ৪ | ১২ | ৪ | ৪ | ১২ | ৫ | ৯ | ১৬ | ১৫ | **১৩৪** |
| ১১৯ | সুধা মুখোপাধ্যায় | মহিলা | | | | ১ | | | ২ | | | | | | | | | | | | | | **৩** |
| ১২০ | সুনীল কুমার রায় | পুরুষ | ২ | | | | | | | | | | | | | | | | | | | | **২** |
| ১২১ | সুপুর্ণা চৌধুরী | মহিলা | | | ২ | | | | | | | | | | | | | | | | | | **২** |
| ১২২ | সুপ্রীতি ঘোষ | মহিলা | ২ | | | | | | | | | | | | | | | | | | | | **২** |
| ১২৩ | সুবিনয় রায় | পুরুষ | | ৪ | | | | ২ | ২ | | | | | | ১ | | | | ১ | | ১ | ৮ | **১৯** |
| ১২৪ | সুবীর সেন | পুরুষ | ৪ | | | | | | | | | | | | | ৪ | ২ | ২ | ৪ | ১ | | | **১৭** |
| ১২৫ | সুমন চট্টোপাধ্যায় | পুরুষ | | | | | | | | | | | | ৪ | | | | | | | | | **৪** |
| ১২৬ | সুমিত্রা ঘোষ (বসু) | মহিলা | | | | | | | | ২ | ১ | | | | ২ | | | | ২ | ১ | | | **৮** |
| ১২৭ | সুমিত্রা রায়/ মুখোপাধ্যায় | মহিলা | ২ | | | ৩ | ১ | ২ | | | | | | ১ | ২ | | ১ | | | ১ | | ২ | **১৫** |
| ১২৮ | সুমিত্রা সেন | মহিলা | ২ | | | | ৪ | ৩ | ২ | ২ | ১ | ৬ | ৩ | ৪ | ২ | ২ | ৪ | ৩ | ৫ | ১০ | ৬ | ৭ | **৬৬** |
| ১২৯ | সুশীল চট্টোপাধ্যায় | পুরুষ | ১ | | | | | | | | | | | | | | | | | | | | **১** |
| ১৩০ | সুশীল মল্লিক | পুরুষ | | | | | ৪ | ২ | | ৩ | | ৩ | ১ | ১ | ২ | ১ | ৪ | ১ | ৪ | ১ | | | **২৭** |
| ১৩১ | সুস্মিতা ভট্টাচার্য | মহিলা | | | | | | | | | | | | | | | | | ২ | | | | **২** |

| ক্রমিক সংখ্যা | শিল্পী | | ১৯৬১ | ১৯৬২ | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ | ১৯৭০ | ১৯৭১ | ১৯৭২ | ১৯৭৩ | ১৯৭৪ | ১৯৭৫ | ১৯৭৬ | ১৯৭৭ | ১৯৭৮ | ১৯৭৯ | ১৯৮০ | সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৩২ | সুহৃতা সেন | মহিলা | | | | | ২ | | | | | | | | | | | | | | | | **২** |
| ১৩৩ | স্নিগ্ধা বসু | মহিলা | | ২ | | | | | | | | | | | | | | | | | | | **২** |
| ১৩৪ | স্বপন গুপ্ত | পুরুষ | | | | | | | | | | ২ | ১ | ১ | ১ | ১ | ২ | ২ | ২ | ১ | | | **১৩** |
| ১৩৫ | স্বপ্না ঘোষাল | মহিলা | | | | | | | | ২ | | | | ১ | | ৩ | ২ | ২ | ২ | ৩ | | ২ | **১৭** |
| ১৩৬ | হিমগ্ন রায় চৌধুরী | পুরুষ | | | | | ২ | | | ২ | | | | | | | | | | | | | **৪** |
| ১৩৭ | হেমন্ত মুখোপাধ্যায় | পুরুষ | ২ | ৮ | ৪ | | ৩ | ৬ | ৩ | ৪ | ৮ | ২ | ৯ | ১২ | ৫ | ৭ | ৫ | ৮ | ৯ | ১৪ | ৭ | ১৩ | **১২৯** |
| **মোট সংখ্যা** | | | **১১৭** | **৬৯** | **৪৪** | **৫১** | **৭৫** | **৬১** | **৬৬** | **৭৭** | **১০১** | **৮৫** | **৯২** | **৭২** | **৬৮** | **৯৮** | **৮৫** | **৯৫** | **১৬৭** | **১৮১** | **১২২** | **১৩২** | **১৮৫৮** |

## খ. সামাজিক-সাংস্কৃতিক দৃষ্টিকোণ থেকে তথ্য বিশ্লেষণ

এই গবেষণায় ১৯৬১ থেকে ১৯৮০ সাল পর্যন্ত সময়কালে ধ্বনিমুদ্রণ যন্ত্রে প্রকাশিত (গীতিনাট্য ও নৃত্যনাট্য-এর গ্রামোফোন রেকর্ড ব্যতীত) গানের যে তালিকা প্রস্তুত করা হয়েছে (উপরিল্লিখিত তালিকা তার সংক্ষিপ্তসার মাত্র), তার সংক্ষ্যাত্মক তথ্য বিশ্লেষণ করলে দেখা যায় যে, কণ্ঠশিল্পীরা একক ভাবে অথবা একজন বা দুইজন শিল্পীর সাথে দ্বৈত বা ত্রয়ী (কিন্তু সমবেত নয়) যেসব গান রেকর্ড করেছেন, তার মধ্যে সবথেকে বেশি সংখ্যায় অংশগ্রহণ করেছিলেন নিম্নলিখিত শিল্পীরা। এখানে প্রথিতযশা পুরুষ শিল্পীদের পাশাপাশি বিশিষ্ট মহিলা শিল্পীদের প্রতিনিধিত্ব লক্ষ্যণীয়।


| শিল্পী | ধ্বনিমুদ্রণ যন্ত্রে প্রকাশিত যতগুলি একক, দ্বৈত বা ত্রয়ী গানে শিল্পী অংশগ্রহণ করেছেন |
|---|---|
| দেবব্রত বিশ্বাস | ১৭৪ |
| সুচিত্রা মিত্র | ১৩৪ |
| হেমন্ত মুখোপাধ্যায় | ১২৯ |
| কণিকা বন্দ্যোপাধ্যায় | ১২৮ |
| চিন্ময় চট্টোপাধ্যায় | ১০৫ |
| সাগর সেন | ৭৪ |

| শিল্পী | ধ্বনিমুদ্রণ যন্ত্রে প্রকাশিত যতগুলি একক, দ্বৈত বা ত্রয়ী গানে শিল্পী অংশগ্রহণ করেছেন |
|---|---|
| দ্বিজেন মুখোপাধ্যায় | ৭৩ |
| সুমিত্রা সেন | ৬৬ |
| শান্তিদেব ঘোষ | ৫৪ |
| ঋতু গুহঠাকুরতা / গুহ | ৫২ |
| নীলিমা সেন | ৪৯ |
| পূরবী মুখোপাধ্যায় | ৩৫ |

১৯৬১ থেকে ১৯৮০ সাল পর্যন্ত সময়কালে ধ্বনিমুদ্রণ যন্ত্রে প্রকাশিত গানের (গীতিনাট্য ও নৃত্যনাট্য-এর রেকর্ড ব্যতীত) যে তথ্য সংগ্রহ ও সংকলন করে তালিকা প্রস্তুত করা হয়েছে, তার সংখ্যাত্মক বিশ্লেষণ করলে দেখা যায় যে, পুরুষ শিল্পী একক ভাবে অথবা একজন বা দুইজন শিল্পীর সাথে একসাথে গান রেকর্ড করেছেন এমন দৃষ্টান্তের মোট সংখ্যা ৯৪৭। মহিলা শিল্পীদের ক্ষেত্রে এমন দৃষ্টান্তের মোট সংখ্যা ৮৮০।

**লেখচিত্র – ১**

**১৯৬১ থেকে ১৯৮০ সাল পর্যন্ত সময়কালে ধ্বনিমুদ্রণ যন্ত্রে (গীতিনাট্য ও নৃত্যনাট্য-এর গ্রামোফোন রেকর্ড ব্যতীত) প্রকাশিত রবীন্দ্রসংগীতে (একক বা দ্বৈত বা ত্রয়ী কিন্তু সমবেত নয়) মহিলা এবং পুরুষ কণ্ঠশিল্পীদের অংশগ্রহণের দৃষ্টান্তের সংখ্যা**



| | ১৯৬১ | ১৯৬২ | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ | ১৯৭০ | ১৯৭১ | ১৯৭২ | ১৯৭৩ | ১৯৭৪ | ১৯৭৫ | ১৯৭৬ | ১৯৭৭ | ১৯৭৮ | ১৯৭৯ | ১৯৮০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পুরুষ | ৫৬ | ৩৮ | ২০ | ২২ | ৩৯ | ৩৭ | ৪৪ | ৫০ | ৫১ | ৪৫ | ৬২ | ৪২ | ২২ | ৪৯ | ৩৯ | ৪৪ | ৬৩ | ৯৬ | ৫৭ | ৭১ |
| মহিলা | ৫৮ | ২৯ | ২৩ | ২৯ | ৩৫ | ২৩ | ২০ | ২৭ | ৫০ | ৩৮ | ৩০ | ২৮ | ৪৬ | ৪৮ | ৪৬ | ৫১ | ১০৪ | ৭৮ | ৬১ | ৫৬ |

লেখচিত্র–১ থেকে এটা স্পষ্ট লক্ষ্য করা যায় যে ১৯৬১, ১৯৬৩, ১৯৬৪, ১৯৭৩, ১৯৭৫, ১৯৭৬, ১৯৭৭ ও ১৯৭৯ সালে মহিলা শিল্পীদের রবীন্দ্রসংগীত রেকর্ড করার দৃষ্টান্তের সংখ্যা পুরুষদের তুলনায় বেশি, এবং অন্যান্য কিছু বছরে যেমন ১৯৬৩, ১৯৬৫, ১৯৬৯ এবং ১৯৭৪ সালে তা পুরুষ শিল্পীদের তুলনায় নিছকই প্রান্তিকভাবে অতি সামান্যই কম।

প্রসঙ্গত উল্লেখ্য যে বিংশ শতাব্দীর প্রথম দুই দশকে অমলা দাশ ছাড়া কোনো সম্ভ্রান্ত ঘরের মহিলা রবীন্দ্রসংগীত রেকর্ড করেননি (গঙ্গোপাধ্যায় ১৫-১৬)। রেকর্ডে বা রেকর্ড তালিকায় "অমলা দাশ" নামের উল্লেখ থাকত না। লেখা থাকত "মিস দাশ (অ্যামেচার)"। রবীন্দ্রনাথ ঠাকুরের স্নেহধন্য প্রথিতযশা শিল্পী সাহানা দেবী "স্মৃতির খেয়া" বইতে লিখেছেন, "... ভদ্রঘরের মেয়েদের মধ্যে বোধ করি অমলা দাশই, সামাজিক সংস্কারের গণ্ডী ভেঙ্গে সর্বপ্রথম গ্রামোফোনে গান দেন। তখনকার দিনে পেশাদার বাইজী ছাড়া কোনো ভদ্রঘরের মেয়ে গ্রামোফোনে গান দিত না। ... (ঘোষ ১১-১২)"

উনিশ শতকের প্রথম দিকের উপরুল্লিখিত সাঙ্গীতিক তথা সামাজিক পটভূমির বিপরীতে ১৯৬০-এর তথা ১৯৭০-এর দশকে ধ্বনিমুদ্রণ যন্ত্রে প্রকাশিত রবীন্দ্রসংগীতের সংগৃহীত তথ্যের সংখ্যাত্মক বিশ্লেষণের ভিত্তিতে (লেখচিত্র-১ দ্রষ্টব্য) রবীন্দ্রসংগীত রেকর্ড করে প্রকাশ করায় মহিলা শিল্পীদের যে ক্রমবর্ধমান অংশগ্রহণ লক্ষ্য করা যায়, তা সামাজিক এবং সাংস্কৃতিক উন্নতির এক আশাব্যঞ্জক ইঙ্গিত বলে বিবেচিত হতে পারে।

## গ. রবীন্দ্রসংগীতের পর্যায় বা বিভাগ অনুযায়ী তথ্য বিশ্লেষণ

১৯৬১-১৯৮০ সময়কালে ধ্বনিমুদ্রিকায় প্রকাশিত রবীন্দ্রসংগীতগুলি গীতবিতানের নির্দেশানুযায়ী বিভিন্ন পর্যায় বা বিভাগে ভাগ করে সেসময়ে প্রকাশিত গানগুলির পর্যায় বা বিভাগ অনুযায়ী সংখ্যার বিন্যাস বিশদে পরিবেশিত হলো তালিকা-২।

বিশদ তালিকাটির (তালিকা-২) শেষে প্রধান-প্রধান বিভাগ বা পর্যায় অনুযায়ী ১৯৬১-১৯৮০ সময়কালে প্রকাশিত রবীন্দ্রসংগীতগুলির সংখ্যার বিন্যাস সংক্ষেপে একটি সরলীকৃত তালিকায় পরিবেশিত হলো। এই গবেষণায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ১৯৬১ থেকে ১৯৮০ সাল পর্যন্ত ধ্বনিমুদ্রিকায় প্রকাশিত রবীন্দ্রসংগীতের পর্যায় বা বিভাগ অনুযায়ী বিশ্লেষণ করলে দেখা যায় যে পূজা এবং প্রেম পর্যায়ের গান অন্যান্য পর্যায় বা বিভাগের গানের তুলনায় অপেক্ষাকৃতভাবে অনেক বেশি সংখ্যায় প্রকাশিত হয়েছিল।

লক্ষ্যণীয়ভাবে কম প্রকাশিত হয়েছিল স্বদেশ, আনুষ্ঠানিক, আনুষ্ঠানিক সংগীত এবং জাতীয় সংগীত পর্যায়ের গান।

## তালিকা – ২

**এই গবেষণার সময়ে বিভিন্ন প্রাতিষ্ঠানিক গ্রন্থাগার, ব্যক্তিগত সংগ্রহ, এবং গ্রামোফোন রেকর্ড প্রস্তুতকারক সংস্থা ও বিপণীর পুরনো সংগ্রহ ও গুদামঘরে যে সমস্ত ধ্বনিমুদ্রিকায় (Gramophone Record) প্রকাশিত রবীন্দ্রসংগীত এবং তা সম্পর্কিত নথি (documents) ও রক্ষিত তথ্য (archival records) পাওয়া গেছে, তার ভিত্তিতে ১৯৬১ সাল থেকে ১৯৮০ সাল পর্যন্ত ধ্বনিমুদ্রিকায় প্রকাশিত বিভিন্ন রবীন্দ্রসংগীতের পর্যায় বা বিভাগ অনুযায়ী সংখ্যার বিন্যাস নিচের তালিকায় উপস্থাপিত হ'ল।**

| পর্যায় | ১৯৬১ | ১৯৬২ | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ | ১৯৭০ | ১৯৭১ | ১৯৭২ | ১৯৭৩ | ১৯৭৪ | ১৯৭৫ | ১৯৭৬ | ১৯৭৭ | ১৯৭৮ | ১৯৭৯ | ১৯৮০ | মোট গানের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আনুষ্ঠানিক | ২ | | | | | | | | ১ | | | | | | | | | ৮ | | | ১১ |
| আনুষ্ঠানিক সংগীত | ১ | | | | | | | | ২ | | | ১ | ১ | | | | | | ১ | | ৬ |
| কাব্যগ্রন্থ খেয়া | | | | | | | | | | | ১ | | | | | | | | | | ১ |
| গীতাঞ্জলি | | | | | | | | | | | | | | | | | | ১ | | | ১ |
| গীতিনাট্য ও নৃত্যনাট্য কালমৃগয়া | | | | | | | | | | | ২ | ১ | | | | | | | | | ৩ |
| গীতিনাট্য ও নৃত্যনাট্য চণ্ডালিকা | | | | | | | | | | | ১ | | | | | | | ১ | | ৭ | ৯ |
| গীতিনাট্য ও নৃত্যনাট্য চিত্রাঙ্গদা | | | | | | | | | | | | | | | | | | | | ২ | ২ |
| গীতিনাট্য ও নৃত্যনাট্য বাল্মীকিপ্রতিভা | | | | | | | | | | ১ | ১ | | | | | | | | | ৩ | ৫ |
| গীতিনাট্য ও নৃত্যনাট্য মায়ার খেলা | ১ | | | | | ১ | | ১ | | | ১ | ১ | ১ | | | | ২ | ১ | | ১ | ১০ |
| গীতিনাট্য ও নৃত্যনাট্য শ্যামা | | | | | | | | | | ২ | ২ | | | | ১ | | | ১ | | ৪ | ১০ |

## তালিকা – ২ (continued)

| পর্যায় | ১৯৬১ | ১৯৬২ | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ | ১৯৭০ | ১৯৭১ | ১৯৭২ | ১৯৭৩ | ১৯৭৪ | ১৯৭৫ | ১৯৭৬ | ১৯৭৭ | ১৯৭৮ | ১৯৭৯ | ১৯৮০ | মোট গানের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জাতীয় সংগীত | | | ১ | | | | | | | | | | | ১ | ১ | ১ | | ২ | ১ | | ৭ |
| নাট্যগীতি | ২ | | | ২ | | | ১ | | | ২ | | ১ | | | | | | ৬ | ২ | | ১৬ |
| নাট্যগীতি চিত্রা | | | | | | | | | | | | | | | | | | ১ | | | ১ |
| নাট্যগীতি চিরকুমার-সভা | | | | | | | | | | | | | | | | ১ | | | | | ১ |
| নাট্যগীতি তাসের দেশ | | | | | | | | | | | | | | | | | | | | | ০ |
| নাট্যগীতি নলিনী | | | | | | | | | | | | | | ১ | | | | | | | ১ |
| নাট্যগীতি প্রায়শ্চিত্ত | | | | | | | | | | | | ১ | | | | | | | | | ১ |
| নাট্যগীতি বিবাহ-উৎসব | | | | | | | | | | | | | ১ | | | | | | | ১ | ২ |
| নাট্যগীতি বিসর্জন | | | | | | | | | | | | | | | | ১ | ১ | | | | ২ |
| নাট্যগীতি ভগ্নহৃদয় | ১ | | | | | | | | | | | ১ | ৩ | ১ | | | | | | | ৬ |
| নাট্যগীতি শাপমোচন | | | | | | ১ | | | | | | | | | | | | | | | ১ |
| নাট্যগীতি শিশু | | | | | | | | | | | | | | | | | ১ | | | | ১ |
| নাট্যগীতি সোনার তরী | | | | | | | | | | | | | | | | | | ১ | | | ১ |

## তালিকা – ২ (continued)

| পর্যায় | ১৯৬১ | ১৯৬২ | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ | ১৯৭০ | ১৯৭১ | ১৯৭২ | ১৯৭৩ | ১৯৭৪ | ১৯৭৫ | ১৯৭৬ | ১৯৭৭ | ১৯৭৮ | ১৯৭৯ | ১৯৮০ | মোট গানের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পরিশিষ্ট ১ – নৃত্যনাট্য মায়ার খেলা | ১ | | | | | | | | | | | | | | | ১ | | | | | ২ |
| পরিশিষ্ট ৩ – রবিচ্ছায়া | | | | | | | | | | ১ | | | | | | | | | | | ১ |
| পূজা | ৩১ | ২৬ | ৬ | ২০ | ১৬ | ১৯ | ২২ | ২২ | ৩৫ | ২০ | ২৫ | ১৯ | ২০ | ৩৯ | ৩৬ | ৩০ | ৫৯ | ৬২ | ৪০ | ৪৯ | ৫৯৬ |
| পূজা ও প্রার্থনা | ১ | ১ | | | | ৩ | | ২ | ১ | | ৩ | | ১ | ২ | ৩ | ৩ | ৩ | ৩ | ২ | | ২৮ |
| প্রকৃতি | ২৫ | ৭ | ৯ | ৩ | ১৯ | ১৯ | ৯ | ১৯ | ১৫ | ১৪ | ১০ | ১২ | ৬ | ১৪ | ৭ | ১২ | ৩০ | ২৪ | ৩০ | ১৫ | ২৯৯ |
| প্রেম | ৩৬ | ১৫ | ১৪ | ১৭ | ২৮ | ১৭ | ১৭ | ২৪ | ৩৪ | ৩৩ | ২৬ | ২৯ | ১৯ | ২৯ | ২৬ | ১৯ | ৪৭ | ৪৮ | ৩৩ | ২৩ | ৫৩৪ |
| প্রেম ও প্রকৃতি | ৩ | ৪ | ১ | | ২ | | ২ | ৪ | ৪ | ৩ | ৩ | ৪ | ৫ | ১ | ৩ | ২ | ৪ | ৮ | ৩ | ৫ | ৬১ |
| বিচিত্র | ৮ | ৭ | ৬ | ৪ | ৭ | ১ | ৩ | ৬ | ৭ | ১২ | ৫ | ১ | ৭ | ৪ | ৫ | ১০ | ১৪ | ১১ | ৯ | ১৬ | ১৪৩ |
| ভানুসিংহ ঠাকুরের পদাবলী | | | | | | | | | | | ২ | ১ | ১ | ১ | ১ | | | | | | ৬ |
| স্বদেশ | ১ | ৪ | ৩ | ১ | ১ | | | | ১ | | ৪ | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | ২০ |
| মোট গানের সংখ্যা | ১১৩ | ৬৪ | ৪০ | ৪৭ | ৭৩ | ৬১ | ৫৪ | ৭৮ | ১০০ | ৮৮ | ৮৬ | ৭২ | ৬৫ | ৯৩ | ৮৩ | ৮১ | ১৬২ | ১৭৯ | ১২২ | ১২৭ | ১৭৮৮ |

### প্রধান বিভাগ বা পর্যায় গুলিতে বিন্যাসের সংক্ষিপ্তসার


| পর্যায় বা বিভাগ | প্রকাশিত রবীন্দ্রসংগীতের সংখ্যা | পর্যায় বা বিভাগ | প্রকাশিত রবীন্দ্রসংগীতের সংখ্যা |
|---|---|---|---|
| পূজা | ৫৯৬ | নাট্যগীতি | ৩৩ |
| প্রেম | ৫৩৪ | পূজা ও প্রার্থনা | ২৮ |
| প্রকৃতি | ২৯৯ | স্বদেশ | ২০ |
| বিচিত্র | ১৪৩ | আনুষ্ঠানিক | ১১ |
| প্রেম ও প্রকৃতি | ৬১ | জাতীয় সংগীত | ৭ |
| গীতিনাট্য ও নৃত্যনাট্য | ৩৯ | আনুষ্ঠানিক সংগীত | ৬ |

| | |
|---|---|
| ভানুসিংহ ঠাকুরের পদাবলী | ৬ |

OPEN ACCESS
*Trisangam International Refereed Journal (TIRJ)*
*A Double-Blind Peer Reviewed Research Journal on Language, Literature & Culture*
*Volume - v, Issue - iii, July 2025, TIRJ/July 25/article - 63*
*Website: https://tirj.org.in, Page No. 516 - 536*
*Published issue link: https://tirj.org.in/all-issue*

**লেখচিত্র – ২**

**১৯৬১ থেকে ১৯৮০ সাল পর্যন্ত সময়কালে ধ্বনিমুদ্রণ যন্ত্রে (গীতিনাট্য ও নৃত্যনাট্য-এর গ্রামোফোন রেকর্ড ব্যতীত) প্রকাশিত রবীন্দ্রসংগীতের পর্যায় বা বিভাগ অনুযায়ী সংখ্যার বিন্যাস**



**ঘ. উপসংহার -** ১৯৮০-র পরবর্তীতে ক্যাসেট প্লেয়ার প্রযুক্তি খুব দ্রুত ছড়িয়ে পড়ায় ধ্বনিমুদ্রিকা বা গ্রামোফোন রেকর্ড ক্রমশ এগিয়ে যায় অবলুপ্তি ও বিস্মৃতির পথে। কিন্তু ১৯৬১ সালে রবীন্দ্রজন্মশতবার্ষিকী উদযাপনের মাধ্যমে ধ্বনিমুদ্রিকায় রবীন্দ্রসংগীত প্রকাশে যে উদ্যম আসে এবং এক প্রকার তারই রেশ ধরে পরের দুই দশকে ধ্বনিমুদ্রিকা বা গ্রামোফোন রেকর্ড-এর মাধ্যমে বহু বিশিষ্ট গুণী কণ্ঠশিল্পীর গাওয়া রবীন্দ্রসংগীত যে মানুষের মাঝে ছড়িয়ে পড়ার সাথে সাথেই সংরক্ষিত হয়ে পরে সেই সব রেকর্ডে - তার গুরুত্ব বর্তমান অত্যাধুনিক বৈদ্যুতিন প্রযুক্তির যুগেও অপরিসীম। রবীন্দ্রসঙ্গীতের চর্চা ও গবেষণা ওই দুই দশকে ধ্বনিমুদ্রিকায় বা গ্রামোফোন রেকর্ডে প্রকাশিত রবীন্দ্রসংগীতগুলিকে বাদ দিয়ে বা অবহেলা করে সম্ভব নয়। আর সেই জন্যেই এই গবেষণাপত্র রবীন্দ্রসঙ্গীতের শিল্পী, অনুরাগী এবং সংস্কৃতির ইতিহাসের গবেষক ও ছাত্রছাত্রীদের সংরক্ষণমূলক তথা গবেষণামূলক ভাবনা ও কাজের জন্য ১৯৬১ সাল থেকে ১৯৮০ সাল পর্যন্ত ওই দুই দশকে প্রকাশিত রবীন্দ্রসংগীতের বিষয়ে কিছু গুরুত্বপূর্ণ তথ্য যোগান দিতে পারে।

## Reference:

১. ঘোষ, সিদ্ধার্থ, ‘রেকর্ডে রবীন্দ্রসংগীত’, ইন্দিরা সংগীত-শিক্ষায়তন-এর পক্ষে শ্রী সুভাষ চৌধুরী কর্তৃক প্রকাশিত, নভেম্বর ১৯৮৯, পৃ. ১১-১২, ২৯-৩০

২. গঙ্গোপাধ্যায়, জয়তী, “রেকর্ডে রবীন্দ্রগান (১৯০৯-১৯৪১)”, “সূত্রধর” কর্তৃক প্রকাশিত, ২১ মে ২০১৫, পৃ. ৯, ১৫-১৬

৩. বসু, অরুণকুমার, “আমি কোন সুরে ডাকি তোমারে’ : সাগর সেন”, ড. সীমা বন্দ্যোপাধ্যায় সম্পাদিত “বিস্মৃতঅতীতের সুরধুনী”, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যলয়। মে ২০১৬, পৃ. ২২৭-২২৮

## Bibliography:

অধ্যাপক ৺অরুণকুমার বসু। “রবীন্দ্রনাথ ও গ্রন্থাগার বিজ্ঞান”, আলোচনা সত্রের শেষ দিনটি চারুকলা-সম্বন্ধীয় পর্যালোচনার জন্যে রাখা হয়েছিল। প্রখ্যাত সঙ্গীতশিল্পী অধ্যাপক অগ্নিভ বন্দ্যোপাধ্যায়-এর উদ্যোগে সংগঠিত। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমী সভাগৃহ। ডিসেম্বর ২০১০। কলকাতা

শ্রী উদয়ন মিত্র। “জানা অজানা মহাফেজখানা”, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার। প্রকাশকাল ২০০৯

শ্রী ঋতপ্রভ বন্দ্যোপাধ্যায় কর্তৃক সম্পাদিত। দে'জ পাবলিশিং দ্বারা প্রকাশিত। প্রকাশকাল জানুয়ারী ২০১৬

শ্রী সিদ্ধার্থ ঘোষ, “রেকর্ডে রবীন্দ্রসংগীত”, শ্রী সুভাষ চৌধুরী (ইন্দিরা সংগীত-শিক্ষায়তন), প্রকাশকাল নভেম্বর ১৯৮৯, শ্রীমতি জয়তী গঙ্গোপাধ্যায়, “রেকর্ডে রবীন্দ্রগান (১৯০৯-১৯৪১)”, “সূত্রধর” কর্তৃক প্রকাশিত, প্রকাশকাল মে ২০১৫

শ্রী পূর্ণেন্দুবিকাশ সরকার, “গীতবিতান তথ্যভান্ডার”, আনন্দ পাবলিশার্স কর্তৃক প্রকাশিত, প্রকাশকাল সেপ্টেম্বর ২০১৯

অধ্যাপক অরুণকুমার বসু, “‘আমি কোন সুরে ডাকি তোমারে’ : সাগর সেন”, ড. সীমা বন্দ্যোপাধ্যায় সম্পাদিত “বিস্মৃতঅতীতের সুরধুনী”। রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যলয়। প্রকাশকাল মে ২০১৬